**সু**প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

কেমন আছো তোমরা? দেশের তথা বিশ্বের এই দুর্যোগময় মুহূর্তে সুস্থ থাকা এক ভীষণ ঝামেলার ব্যাপার। তবুও তোমরা, তোমাদের পরিবার নিয়ে সুস্থ থাকো এই কামনা করি। তোমাদের পরীক্ষা স্থগিত করা হয়েছে এবং কবে অনুষ্ঠিত হবে তা এখনও অনিশ্চিত। তোমরা ঘরে চর্চাবিহীন বসে থাকলে তোমাদের আসন্ন পরীক্ষাও দুর্যোগে পতিত হবে। তাই তোমাদের জন্য কিছু দিক নির্দেশনা দিলাম। আশা করি তোমরা তা অনুসরণ করে নিজেদের ভালো করে গুছিয়ে নেবে।

তোমাদের সাথে পূর্বে অনেকবার যে কথাগুলো বলেছিলাম সেই কথাগুলোই আবার বলছি বলে দয়া করে এড়িয়ে যাবে না। তোমরা জানো অনুশীলনের কোন বিকল্প নাই। আর যেহেতু কাঠামোবদ্ধ সৃজনশীল পদ্ধতিতে তথাকথিত সাজেশন বলে কিছু হয় না তাই অনুশীলন করতে হবে। তবে কোন্ কোন্ অধ্যায়গুলোতে বেশি জোর দেওয়া দরকার তোমরা সেটা জানো, তবুও তোমাদের আবার মনে করিয়ে দিচ্ছি।

# পদার্থ বিজ্ঞান – প্রথম পত্র

## 🕮 প্রথমে যে অধ্যায় গুলো অবশ্যই অবশ্যই পড়বে:

(কারণ এই অধ্যায়গুলো থেকে বোর্ড পরীক্ষায় কমপক্ষে একটি প্রশ্ন থাকবেই)

সবার জন্য আবশ্যিক

২য় অধ্যায়: ভেক্টর;

৩য় অধ্যায়: গতিবিদ্যা;

৯ম অধ্যায়: তরঙ্গ;

১০ম অধ্যায়: আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব;

## 🕮 এর পর পূর্ণ নম্বর উত্তর করার জন্য আরো যে যে অধ্যায় গুলো পড়া দরকার:

(কারণ এই অধ্যায়গুলো থেকেও বোর্ড পরীক্ষায় প্রায় সবসময়ই একটি করে প্রশ্ন থাকে)

যারা জয়ী হতে চাও

৪র্থ অধ্যায়: নিউটনিয়ান বলবিদ্যা

৬ষ্ঠ অধ্যায়: মহাকর্ষ ও অভিকর্ষ;

৭ম অধ্যায়: পদার্থের গাঠনিক ধর্ম;

আশা করা যায় উপরে বর্ণিত সকল অধ্যায় ভালো করে পড়লে ৫টি প্রশ্নের উত্তর করা যাবে। এরপরও যারা কোনভাবেই উত্তর ছেড়ে আসতে চাও না, যে কোন পরিস্থিতির জন্য নিজেকে প্রস্তুত রাখতে চাও তাদের জন্যে:

## যারা কোন ভাবেই হারতে রাজী নও তাদের জন্য আর যে যে অধ্যায় গুলো পড়া দরকার:(কারণ এই অধ্যায়গুলো থেকেও বোর্ড পরীক্ষায় একটি করে প্রশ্ন থাকতে পারে)

**৫ম অধ্যায়: কাজ, শক্তি ও ক্ষমতা;**

**৮ম অধ্যায়: পর্যাবৃত্ত গতি;**

আকাশ যাদের সীমানা

**জ্ঞানমূলক, অনুধাবনমূলক ও নৈর্ব্যক্তিক অভীক্ষার জন্য সকল অধ্যায়ই পড়তে হবে। প্রতিটি অধ্যায়ের যে সকল সংজ্ঞা প্রায় সময়ই বিভিন্ন বোর্ড পরীক্ষায় বার বার আসে সে সকল সংজ্ঞা , তাদের ব্যাখ্যাগুলো বার বার অধ্যয়ন করবে। তোমাদের এই দিকটা দুর্বল রয়ে গেছে এখনও, তাই অনুশীলনের কোন বিকল্প নেই। শিখবে, লিখবে, নিজে নিজে মূল্যায়ন করবে, ভুল হলে আবার শিখবে এবং শুদ্ধ করে আবার লিখবে।**

**অনুশীলনের জন্য তোমাদের স্পেশাল ক্লাসের যে সকল পরীক্ষা হয়েছে সেগুলোকে মডেল হিসেবে নিতে পারো। টেস্ট পেপার থেকে বিভিন্ন বোর্ড ও কলেজের প্রশ্নগুলোও সমাধান করতে হবে।**

দেশের এই দুর্যোগময় মুহূর্তে ঘর থেকে বের না হয়ে বার বার প্রশ্নগুলো অনুশীলন করতে থাকো। বার বার সাবান দিয়ে হাত ধুবে, ঘরে থাকবে, চরম কোন প্রয়োজন না হলে ঘর থেকে বের হবে না। তুমি নিজে যেন অন্য কারো মৃত্যুর কারণ না হয়ে উঠো, তাই সচেতন থাকবে, সতর্ক থাকবে।

তোমাদের সবার সুস্থতা কামনা করছি।

## ভালো থেকো, ভালোতে থেকো, ঘরে থেকো।

**(পদার্থবিজ্ঞান ২য় পত্র ১৬.০৪.২০২০ তারিখে)**